

সংগঠন হিসেবে এন.জি.ও এর ভূমিকা: আক্ষরিক অর্থে এন জি ও হচ্ছে ঘড়হ এড়াবৎহসবহঃ
ওৎমধহরুধঃরড়হ

এনজিও বলতে সরকার দ্বারা প্রতিষ্ঠিত নয় এমন সব প্রতিষ্ঠানকে বোঝায়। বর্তমানে এনজিও কে একটি সামাজিক

স্বেচ্ছাসেবী ও অলাভজনক সংগঠন হিসেবে চিহ্নিত করা যায়। কারণ এনজিও উন্নয়ন মূলক কর্মকাণ্ডে জড়িত।

এনজিওর মূল লক্ষ্য:

ক) সার্বজনীন সচেতনতা সৃষ্টি

খ) মানবাধিকার সংরক্ষণ

গ) ভূমিহীনদের সংগঠিতকরণ

ঘ) লাগসই প্রযুক্তির বিস্তার

ঙ) কৃষি গবেষণা ও সম্প্রসারণ

চ) যে কোন ধরনের সেবা সম্প্রসারণ

ছ) কর্মসংস্থান বৃদ্ধি, আয়বর্ধক কর্মকাণ্ডের বিধার

জ) অপ্রাতিষ্ঠানিক ঋণদান ইত্যাদি।

বাংলাদেশের এনজিও (ঘএঙং ডভ ইধহমষধফবংঘ)

বাংলাদেশের প্রায় দশ হাজারের বেশি এনজিও রয়েছে। এর মধ্যে ব্যাক, আশা, গ্রামীণ ব্যাংক, প্রশিকা, জাগরনী চক্র,

উত্তরন সংস্থা প্রভৃতি উল্লেখযোগ্য। এদেশের কর্মরত এনজিওগুলোর প্রধান কাজ হলো গ্রামের বিত্তহীন জনগোষ্ঠীর মাঝে

ক্ষুদ্রঋণ বিতরণ করা এবং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। দারিদ্র্য বিমোচনের লক্ষ্য নিয়ে প্রতিষ্ঠিত ক্ষুদ্রঋণ

প্রতিষ্ঠানগুলো তাদের ঋণ দান কর্মসূচির মাধ্যমে দেশের দরিদ্র জনগোষ্ঠীর ব্যাপক ভিত্তিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

করেছে। মাইক্রোরেগুলেটারি অথরিটি কর্তৃক এ পর্যন্ত মোট ৭১ টি প্রতিষ্ঠানে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার সনদ প্রদান

করা হয়েছে। এ পর্যন্ত বিভিন্ন বিষয়ে এম আর এর উদ্যোগে মোট ৮১ টি প্রতিষ্ঠানকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেয়া হয়েছে।

(বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা -২০১৩)

নিম্নে কয়েকটি এনজিওর কার্যক্রম তুলে ধরা হলো

১) গ্রামীন ব্যাংক: ১৯৮৩ সালে বিশ্ব শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ ডঃ মুহাম্মদ ইউনুস এর উদ্যোগে গ্রামীন

ব্যাংক প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটি ভূমিহীন এবং দরিদ্র গ্রামীন মহিলাদের ক্ষুদ্র ঋণ বিতরণের মাধ্যমে কর্মসংস্থান

সৃষ্টি করে। ২০১১ সালের ৯৭,৪৫, ১০,৮১৪ টাকার ঋণ প্রদান করে।

২) প্রশিকা: প্রশিকা প্রতিষ্ঠিত হয় ১৯৭৬ সালে পশুসম্পদ উন্নয়ন, রেশম চাষ, সেচ কর্মকান্ড, নলকূপ স্থাপন ইত্যাদি

সেক্টরে এই প্রতিষ্ঠান কাজ করে।

৩) আশা: আশা প্রতিষ্ঠিত হয় ১৯৮৮ সালে। আশার কর্মসূচীর উল্লেখ্যযোগ্য দিক হচ্ছে - ক) ভূমিহীন জনগনদের

আরো বেশি সচেতন করা ও ক্ষমতায়ন করা খ) নারীর ক্ষমতায়ন ইত্যাদি। আশা ২০১১ সালে

৮৬৭০,২০,০০,০০০ টাকা ঋণ প্রদান করেছে।

৪) ব্র্যাক: ড. ফজলে হাসান আবেদ ১৯৭২ সালে ত্রাণ কার্যক্রমের জন্য ব্র্যাক প্রতিষ্ঠা করেছিলেন। যদিও বর্তমানে

প্রতিষ্ঠানটি বহুমুখী কর্মকান্ড পরিচালনা করছে। ২০১১ সালে ব্র্যাক ৪৮৩,৯৯,০৪,৬১৫ কোটি টাকা ঋণ প্রদান

করেছে।